গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২৬০-আইন/২০২৬/৩৬০-মূসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৪-আইন/২০২৫/৩০২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "কেবল লিথিয়াম (Lithium) ব্যাটারি ও গ্রাফিন (Graphene) ব্যাটারি," এন্ট্রিসমূহের পরিবর্তে "লিথিয়াম (Lithium) ব্যাটারি," এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) শর্তাবলির—

(অ) শর্ত (২) বিলুপ্ত হইবে;

(আ) শর্ত (৩) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) লিথিয়াম ব্যাটারি উৎপাদনকারী প্রতিষ্ঠানকে শর্ত (১) পরিপালন করিতে হইবে;"; এবং

(ই) শর্ত (৫), (৬), (৭) ও (৮) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।